# দ্বিতীয় অধ্যায়

# দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ

*বিবিএস এর সাময়িক হিসাব অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি অর্জিত হবে ৫.৮২ শতাংশ। এসময়ে মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জাতীয় আয় দাঁড়াবে যথাক্রমে ২,৬৭৫ মার্কিন ডলার ও ২,৭৮৪ মার্কিন ডলার। গত ২০২২-২৩ অর্থবছরের চূড়ান্ত হিসাব অনুযায়ী মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জাতীয় আয় ছিল যথাক্রমে ২,৬৪৩ মার্কিন ডলার এবং ২,৭৪৯ মার্কিন ডলার। ২০২৩-২৪ অর্থবছরে কৃষি খাতের প্রবৃদ্ধি কমে দাঁড়াবে ৩.২১ শতাংশ, যা ২০২২-২৩ অর্থবছরে ছিল ৩.৩৭ শতাংশ। শিল্প খাতে ২০২১-২২ অর্থবছরে প্রবৃদ্ধি ছিল ৯.৮৬ শতাংশ, যা ২০২২-২৩ অর্থবছরে হ্রাস পেয়ে ৮.৩৭ শতাংশে দাঁড়ায়। ২০২৩-২৪ অর্থবছরে শিল্পখাতের প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ৬.৬৬ শতাংশ। সেবা খাতের প্রবৃদ্ধি ২০২১-২২ অর্থবছরের ৬.২৬ শতাংশ থেকে ২০২২-২৩ অর্থবছরে হ্রাস পেয়ে দাঁড়ায় ৫.৩৭ শতাংশ, যা চলতি ২০২৩-২৪ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ৫.৮০ শতাংশে দাঁড়াবে। চলতি ২০২৩-২৪ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী বৃহৎ কৃষি, শিল্প ও সেবা খাতের অবদান দাঁড়াবে যথাক্রমে ১১.০২ শতাংশ, ৩৭.৯৫ শতাংশ ও ৫১.০৪ শতাংশ, যা ২০২২-২৩ অর্থবছরে ছিল যথাক্রমে ১১.৩০ শতাংশ, ৩৭.৬৫ শতাংশ এবং ৫১.০৫ শতাংশ। সাময়িক হিসাবে ২০২৩-২৪ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে জিডিপি'র ৭২.৩৯ শতাংশ, যা ২০২২-২৩ এবং ২০২১-২২ অর্থবছরে ছিল যথাক্রমে ৭৪.২৪ শতাংশ ও ৭৪.৭৮ শতাংশ। ২০২২-২৩ অর্থবছরে স্থূল অভ্যন্তরীণ সঞ্চয় ছিল জিডিপি'র ২৫.৭৬ শতাংশ, যা ২০২৩-২৪ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী বৃদ্ধি পেয়ে দাঁড়াবে জিডিপি'র ২৭.৬১ শতাংশে। একই সময়ে স্থূল জাতীয় সঞ্চয় ২০২৩-২৪ অর্থবছরে জিডিপি'র ৩১.৮৬ শতাংশে দাঁড়িয়েছে, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল জিডিপি'র ২৯.৯৫ শতাংশ। অন্যদিকে, ২০২৩-২৪ অর্থবছরের বিনিয়োগ জিডিপি'র ৩০.৯৮ শতাংশে দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে।*

**চলতি বাজার মূল্যে স্থূল দেশজ উৎপাদ (জিডিপি)**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সাময়িক হিসাব অনুযায়ী, ২০২৩-২৪ অর্থবছরে চলতি বাজার মূল্যে জিডিপির পূর্ববর্তী অর্থবছরের ৪৪,৯০,৮৪২ কোটি টাকার তুলনায় বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৫০,৪৮,০২৭ কোটি টাকায়। সাময়িক হিসাব অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি হার স্থির মূল্যে ৫.৮২ শতাংশ এবং চলতি বাজার মুল্যে ১২.৪১ শতাংশ অর্জিত হবে।

২০২৩-২৪ অর্থবছরের মাথাপিছু জিডিপি পূর্ববর্তী অর্থবছরের ২,৬২,৮৬৮ টাকা হতে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২,৯৪,১৯১ টাকায়। অপরদিকে, পূর্ববর্তী অর্থবছরের মাথাপিছু জাতীয় আয় ২,৭৩,৩৬০ টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০২৩-২৪ অর্থবছরে ৩,০৬,১৪৪ টাকায় দাঁড়িয়েছে। মার্কিন ডলার হিসাবে ২০২৩-২৪ অর্থবছরে মাথাপিছু জিডিপি পূর্ববর্তী অর্থবছরের মাথাপিছু জিডিপি ২,৬৪৩ মার্কিন ডলার হতে সামান্য বৃদ্ধি পেয়ে ২,৬৭৫ মার্কিন ডলারে দাঁড়িয়েছে। এসময়ে মাথাপিছু জাতীয় আয় দাঁড়িয়েছে ২,৭৮৪ মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ২,৭৪৯ মার্কিন ডলার। ২০১৬-১৭ অর্থবছর থেকে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে মোট এবং মাথাপিছু জিডিপি ও স্থূল জাতীয় আয় (জিএনআই) সারণি ২.১-এ উপস্থাপন করা হয়েছে:

**সারণি ২.১ ঃ চলতি বাজার মূল্যে জিডিপি, জিএনআই, মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জিএনআই (ভিত্তি বছর ২০১৫-১৬)**

| সূচক | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
|---|---|---|---|---|---|---|---|---|
| জিডিপি (কোটি টাকায়) | ২৩২৪৩০৭ | ২৬৩৯২৪৮ | ২৯৫১৪২৯ | ৩১৭০৪৬৯ | ৩৫৩০১৮৫ | ৩৯৭১৭১৬ | ৪৪৯০৮৪২ | ৫০৪৮০২৭ |
| জিএনআই (কোটি টাকায়) | ২৪০৪৫৫৭ | ২৭৪৪৭৯১ | ৩০৭২৩২৪ | ৩৩০১৭০১ | ৩৭১৫৯৯৭ | ৪১২৯০৬২ | ৪৬৭০০৮০ | ৫২৫৩১৩৩ |
| জনসংখ্যা (কোটিতে) | ১৬.১৮ | ১৬.৩৭ | ১৬.৫৬ | ১৬.৭৪ | ১৬.৯১ | ১৭.১৩ | ১৭.০৮ | ১৭.১৬ |
| মাথাপিছু জিডিপি (টাকায়) | ১৪৩৬৯৮ | ১৬১২৭৪ | ১৭৮২৮০ | ১৮৯৩৬১ | ২০৮৭৫১ | ২৩১৮৬১ | ২৬২৮৬৮ | ২৯৪১৯১ |
| মাথাপিছু জিএনআই (টাকায়) | ১৪৮৬৫৯ | ১৬৭৭২৩ | ১৮৫৫৮৩ | ১৯৭১৯৯ | ২১৯৭৩৮ | ২৪১০৪৭ | ২৭৩৩৬০ | ৩০৬১৪৪ |
| মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে) | ১৮১৬ | ১৯৬৪ | ২১২২ | ২২৩৪ | ২৪৬২ | ২৬৮৭ | ২৬৪৩ | ২৬৭৫ |
| মাথাপিছু জিএনআই (মার্কিন ডলারে) | ১৮৭৯ | ২০৪৩ | ২২০৯ | ২৩২৬ | ২৫৯১ | ২৭৯৩ | ২৭৪৯ | ২৭৮৪ |

উৎস:বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। * সাময়িক।

### জিডিপির হিসাব প্রাক্কলন

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জিডিপির হিসাব প্রাক্কলনের দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান। আন্তর্জাতিকভাবে সম্মত System of National Accounts (SNA) ফ্রেমওয়ার্ক অনুসরণ করে বিভিন্ন দেশ জিডিপি প্রাক্কলন করে। জিডিপি নিরূপণে তিনটি পদ্ধতি: উৎপাদন (Production Aproach), আয় (Income Approach) এবং ব্যয় (Expenditure Approach) পদ্ধতি ব্যবহৃত হয়। তবে বাংলাদেশ উৎপাদন ও ব্যয় ভিত্তিক জিডিপি প্রণয়ন করে।

উৎপাদন ভিত্তিতে জিডিপি প্রাক্কলনে অর্থনীতিকে ৩টি বৃহৎ খাত তথা: কৃষি, শিল্প ও সেবায় বিভক্ত করা হয়েছে। ২০০৫-০৬ ভিত্তি বছরের জিডিপি ১৫টি খাত নিয়ে গঠিত। কৃষি ও বনজ এবং মৎস্য-এ দুটি খাত সমন্বয়ে বৃহৎ কৃষি খাত গঠিত। আবার, খনিজ ও খনন, ম্যানুফ্যাকচারিং, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং নির্মাণ খাত নিয়ে বৃহৎ শিল্পখাত গঠিত। এছাড়া, পাইকারি ও খুচরা বাণিজ্য, যানবাহন ও মেরামত, হোটেল ও রেস্তোরাঁ, পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ, আর্থিক প্রাতিষ্ঠানিক সেবা, রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা, লোক প্রশাসন ও প্রতিরক্ষা, শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সেবা এবং কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা খাতসমূহ নিয়ে বৃহৎ সেবা খাত গঠিত।

বর্তমান সময়ে অর্থনৈতিক কর্মকাণ্ডের ব্যাপক প্রসার বিশেষ করে সেবা খাতে নতুন নতুন খাত/উপখাত অর্থনীতিতে যুক্ত হয়েছে। ফলে, ২০১৫-১৬ ভিত্তিবছরের জিডিপিতে বিদ্যমান কয়েকটি খাতের পুনর্বিন্যাস এবং নতুন খাতসমূহ অন্তভুর্ক্তির ফলে বর্তমানে জিডিপি ১৯টি খাতের মূল্য সংযোজন ভিত্তিতে প্রাক্কলন করা হয়। সারণি ২.২-এ চলতি বাজার মূল্যে খাতভিত্তিক জিডিপি'র পূর্ণাঙ্গ চিত্র তুলে ধরা হলো

**সারণি ২.২ঃ চলতি বাজার মূল্য খাতভিত্তিক জিডিপি**

(কোটি টাকায়)

| খাত/উপখাত | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
|---|---|---|---|---|---|---|---|---|
| **ক. কৃষি** | **৩০১১৬৭** | **৩২৯৩৮০** | **৩৫৩৪৪৩** | **৩৮০৪৪৬** | **৪১০৬৬১** | **৪৪৫৫৩১** | **৪৯৪১৫৮** | **৫৫৫৪৫৫** |
| **১। কৃষি ,বনজ এবং মৎস্য সম্পদ** | ৩০১১৬৭ | ৩২৯৩৮০ | ৩৫৩৪৪৩ | ৩৮০৪৪৬ | ৪১০৬৬১ | ৪৪৫৫৩১ | ৪৯৪১৫৮ | ৫৫৫৪৫৫ |
| ক) শস্য ও শাকসবজি | ১৪৮৬৬৯ | ১৬২৩৩৩ | ১৭৩৩৭৮ | ১৮৬১১৬ | ১৯৯৬৩১ | ২১৫৩৬৫ | ২৩৯৫১৫ | ২৭০২১৫ |
| খ) প্রাণি সম্পদ | ৪৯৫১৬ | ৫৩১৮৬ | ৫৬২৯০ | ৫৯৭১৫ | ৬৩২৯৩ | ৬৭৩৯৯ | ৭৩৬৬৫ | ৮২০১৪ |
| গ) বনজ সম্পদ এবং সহায়ক সেবা | ৩৯৮৬৪ | ৪৩৫৬৩ | ৪৬৬৩৯ | ৫০৩৯৯ | ৫৫৯১৬ | ৬৩৭৪৮ | ৭১৩৩৪ | ৭৯৫৫২ |
| ঘ) মৎস্য সম্পদ | ৬৩১১৮ | ৭০২৯৮ | ৭৭১৩৬ | ৮৪২১৬ | ৯১৮২২ | ৯৯০২০ | ১০৯৬৪৫ | ১২৩৬৭৩ |
| **খ. শিল্প** | **৭২৬৩০৬** | **৮৪৪১০৬** | **৯৬৯৬২০** | **১০৪৩৪৫১** | **১১৭৬১২০** | **১৩৪৭২০৯** | **১৫৫৩৫৭৪** | **১৭৫৩৭৩৪** |
| **২। খনিজ ও খনন** | ৩৯৯৮৪ | ৪৪২৭৬ | ৫২৬১০ | ৫৫২২৪ | ৫৯১০২ | ৫৮৯১৬ | ৭০২৪৪ | ৮০০৮৮ |
| ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল | ১১৮০৭ | ১১৯৬৯ | ১২০৫৪ | ১১৬২১ | ১১৭৪৩ | ১১৪৯৪ | ১২০৫২ | ১৩১৪৮ |
| খ) অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা | ২৮১৭৭ | ৩২৩০৭ | ৪০৫৫৬ | ৪৩৬০৩ | ৪৭৩৫৯ | ৪৭৪২৩ | ৫৮১৯২ | ৬৬৯৩৯ |
| **৩। শিল্প (ম্যানুঃ)** | ৪৬৬৬০৬ | ৫৪৯০২৪ | ৬২৫৯৩৭ | ৬৫৩০৬৪ | ৭৪৯৬৫৯ | ৮৬৪৪৩৭ | ১০০৩৩৪৫ | ১১৩২৭৩৬ |
| ক) বৃহৎ শিল্প | ২৩৭৮২৬ | ২৭৫৬৭৬ | ৩১১৮৫৮ | ৩১৮০৩৩ | ৩৫৭৩৫৭ | ৪২২৮৯৬ | ৪৮৬৬৪৩ | ৫৫০১১৭ |
| খ) ছোট, মাঝারি এবং ক্ষুদ্র শিল্প | ১৪৬৭২৫ | ১৭৩৮৫৮ | ১৯৮০৬৬ | ২০৮৬৯৬ | ২৪৮৯৯৯ | ২৭৩৫৮৭ | ৩১৯৩২৩ | ৩৫৯০৬০ |
| গ) কুটির শিল্প | ৮২০৫৬ | ৯৯৪৯০ | ১১৬০১৪ | ১২৬৩৩৫ | ১৪৩৩০২ | ১৬৭৯৫৪ | ১৯৭৩৭৯ | ২২৩৫৫৯ |
| **৪। বিদ্যুৎ, গ্যাস, বাষ্প এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা** | ২৯২৩৩ | ৩২৬২৫ | ৩৮১৪৪ | ৪৪৫২৩ | ৪৪৯০২ | ৫০৪১৪ | ৫৫২৯৫ | ৫৯২০৪ |
| ক) বিদ্যুৎ | ২২০১৪ | ২৪৬০৪ | ৩০২৩৯ | ৩৬৯২৬ | ৩৭০৯৬ | ৪২০৬২ | ৪৬৫৭৯ | ৫০০১৯ |
| খ) গ্যাস | ৭২১৯ | ৮০২২ | ৭৯০৫ | ৭৫৯৭ | ৭৮০৬ | ৮৩৫১ | ৮৭১৭ | ৯১৮৫ |
| **৫। পানি সরবরাহ; পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং পুনর্ব্যবহার** | ২২৬৩ | ২৪৮৮ | ২৬৭৪ | ২৭৬১ | ২৯৬৮ | ৩৮০৯ | ৪৩৮০ | ৫০১৮ |
| **৬। নির্মাণ** | ১৮৮২১৯ | ২১৫৬৯৩ | ২৫০২৫৫ | ২৮৭৮৮০ | ৩১৯৪৯০ | ৩৬৯৬৩৩ | ৪২০৩১১ | ৪৭৬৬৮৮ |
| **গ. সেবা** | **১১৯৪৩২০** | **১৩৪৩১১৮** | **১৫০০৭৮০** | **১৬৩৩১৫০** | **১৮১১০৩৮** | **২০২৭০৮৮** | **২২৯৫৩৫৫** | **২৫৭৫৩৮৮** |
| **৭। পাইকারি ও খুচড়া ব্যবসা; যানবাহন ও মোটরসাইকেল মেরামত** | ৩২৪৬৩২ | ৩৭৩৭১৬ | ৪১৮৩৯৫ | ৪৪৫৭৫৭ | ৪৯৭৬৫২ | ৫৬৭০৯৭ | ৬৪৭৩৬৭ | ৭২৮৫৭১ |
| **৮। পরিবহণ এবং সংরক্ষণ** | ১৭৮৭২২ | ১৯৭৮০৬ | ২১৯৭১২ | ২৩২২৫২ | ২৫৬২১৫ | ২৮৫২৭২ | ৩২৪০৮২ | ৩৫৯৭৭৭ |
| ক) স্থল পথ পরিবহণ | ১৫৫৩১৩ | ১৭২৬৩৫ | ১৯২৭০৬ | ২০৩৮৯৮ | ২২৬৮৮১ | ২৫৩৪২৯ | ২৯০০৬২ | ৩২২৮৮৮ |
| খ ) পানি পথ পরিবহণ | ১৪৩২৮ | ১৫০৮৮ | ১৫৮৬৪ | ১৬৫৭১ | ১৭৪৭৫ | ১৮৪১৯ | ১৯০৮২ | ২০৬১২ |

| খাত/উপখাত | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
|---|---|---|---|---|---|---|---|---|
| গ) আকাশ পথ পরিবহণ | ১৮৯৯ | ২০৯৫ | ২২৫০ | ২৩০৪ | ২২৭৯ | ২৪২২ | ২৭৫৮ | ৩০৩২ |
| ঘ) সংরক্ষণ এবং সহায়ক সেবা | ৬১৬৫ | ৬৮৭৭ | ৭৬৬৭ | ৮১৫৬ | ৮১৪১ | ৯৪৪৫ | ১০৪১৪ | ১১২৬০ |
| ঙ) ডাক ও কুরিয়ার যোগাযোগ | ১০১৬ | ১১১২ | ১২২৪ | ১৩২৩ | ১৪৩৯ | ১৫৫৭ | ১৭৬৭ | ১৯৮৫ |
| **৯। আবাসন এবং খাদ্য পরিবেশন কার্যক্রম** | ২৬৬৭০ | ৩০১০৬ | ৩৩৫৫০ | ৩৬০১৫ | ৩৯৮৫৭ | ৪৪৪৫২ | ৫১১৫৬ | ৫৯৭৯৯ |
| **১০। তথ্য ও যোগাযোগ** | ২৭২৬৪ | ২৯৪৬১ | ৩২২০৪ | ৩৫১০৮ | ৩৮৪৪৮ | ৪১৪২২ | ৪৭৩২৬ | ৫১১৮৫ |
| **১১। আর্থিক এবং বীমা কার্যক্রম** | ৭২২৪৭ | ৮১৭২৩ | ৯৩২৯৭ | ১০৩২১৭ | ১১৫২৭১ | ১২৯৫৩৯ | ১৪৪৭৮৫ | ১৫৯৮৫৯ |
| ক) আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (ব্যাংক) | ৬১০১৮ | ৬৯৩২৬ | ৭৯৪১৭ | ৮৮০৪৪ | ৯৮৪৫৭ | ১১০৮৭৮ | ১২৩৯৩৩ | ১৩৬৪৫৭ |
| খ) বীমা | ৬৮২৬ | ৭৪৩৯ | ৮২০২ | ৮৮৫১ | ৯৬৪৩ | ১০৫৫৬ | ১১৬৩০ | ১২৮৯৮ |
| গ) অন্যান্য আর্থিক সহায়ক কার্যক্রম | ৪৪০৩ | ৪৯৫৮ | ৫৬৭৮ | ৬৩২২ | ৭১৭১ | ৮১০৫ | ৯২২১ | ১০৫০৪ |
| **১২। রিয়েল এস্টেট কার্যক্রম** | ২১৪১৫১ | ২৩৫৯৯০ | ২৬০৭১৫ | ২৮৮০০১ | ৩১৩০২৯ | ৩৪০১৮২ | ৩৭৩৪১৪ | ৪০৯৯৪৭ |
| **১৩। পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত কার্যক্রম** | ৪২৮২ | ৪৭১৪ | ৫১৭৯ | ৫৬৫৬ | ৬২৭৩ | ৬৯৪২ | ৮৪২৩ | ৯৮৭৩ |
| **১৪। প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম** | ১৫৭২২ | ১৭২৬৯ | ২০০১৭ | ২৩০০৫ | ২৭১৩৮ | ৩১১৩৬ | ৩৭৫০৪ | ৪৪০৪৩ |
| **১৫। জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা** | ৭৮৪৬৩ | ৯০২৪৯ | ৯৯০০৬ | ১০৬৯৬৫ | ১১৬৯৯৬ | ১২৭৩৬৬ | ১৪৭২৮১ | ১৬১৭৫২ |
| **১৬। শিক্ষা** | ৬০৮৫৮ | ৬৮১৬৪ | ৭৬৯৬১ | ৮৫৬৪৩ | ৯৫৬৪২ | ১০৯৫১৪ | ১২৫৯৭৪ | ১৪৯৬৯১ |
| **১৭। মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম** | ৬৩৫১৫ | ৭৩৩৬৫ | ৮৬৮১১ | ১০১৫২২ | ১১৮৫০০ | ১৩৮২০৭ | ১৬১৫৩৩ | ১৮৭৭১১ |
| **১৮। শিল্পকলা ও বিনোদন** | ৩৩৬৫ | ৩৭৭২ | ৪২৪৪ | ৪৭৬১ | ৫৩৪১ | ৬০৭৪ | ৬৯১২ | ৭৯৬৬ |
| **১৯। অন্যান্য সেবা কার্যক্রম** | ১২৪৪২৯ | ১৩৬৭৮৩ | ১৫০৬৯১ | ১৬৫২৫০ | ১৮০৬৭৭ | ১৯৯৮৮৬ | ২১৯৬০০ | ২৪৫২১৭ |
| **চলতি মূল্যে মোট মূল্য সংযোজন** | ২২২১৭৯৩ | ২৫১৬৬০৩ | ২৮২৩৮৪৩ | ৩০৫৭০৪৮ | ৩৩৯৭৮১৯ | ৩৮১৯৮২৯ | ৪৩৪৩০৮৭ | ৪৮৮৪৫৭৮ |
| **বৃদ্ধির হার (%)** | ১১.৭৯ | ১৩.২৭ | ১২.২১ | ৮.২৬ | ১১.১৫ | ১২.৪২ | ১৩.৭ | ১২.৪৭ |
| **ভর্তুকি ব্যতিরেকে কর** | ১০২৫১৪ | ১২২৬৪৫ | ১২৭৫৮৬ | ১১৩৪২৮ | ১৩২৩৬৬ | ১৫১৮৮৮ | ১৪৭৭৫৪ | ১৬৩৪৪৯ |
| **ভিত্তি বাজার মূল্যে জিডিপি** | **২৩২৪৩০৭** | **২৬৩৯২৪৮** | **২৯৫১৪২৯** | **৩১৭০৪৬৯** | **৩৫৩০১৮৫** | **৩৯৭১৭১৬** | **৪৪৯০৮৪২** | **৫০৪৮০২৭** |
| **প্রবৃদ্ধির হার (%)** | **১১.৯৭** | **১৩.৫৫** | **১১.৮৩** | **৭.৪২** | **১১.৩৫** | **১২.৫১** | **১৩.০৭** | **১২.৪১** |

উৎস:বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

## স্থির মূল্যে খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধি

২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে বা স্থির মূল্যে (Base Price or Constant Price) ২০১৭-১৮ হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার সারণি ২.৩ এবং বৃহৎ খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধির হার লেখচিত্র ২.১ -এ দেখানো হলো।

### সারণি ২.৩: ২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার


(শতকরা হার)

| খাত/উপখাত | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
|---|---|---|---|---|---|---|---|
| **ক. কৃষি** | **৩.৫৪** | **৩.২৬** | **৩.৪২** | **৩.১৭** | **৩.০৫** | **৩.৩৭** | **৩.২১** |
| **১। কৃষি ,বনজ এবং মৎস্য সম্পদ** | ৩.৫৪ | ৩.২৬ | ৩.৪২ | ৩.১৭ | ৩.০৫ | ৩.৩৭ | ৩.২১ |
| ক) শস্য ও শাকসবজি | ২.৭৫ | ২.০৭ | ২.৫ | ২.২৯ | ২.৬১ | ৩.১৫ | ২.৮২ |
| খ) প্রাণি সম্পদ | ২.৯ | ৩.০১ | ৩.১৯ | ২.৯৪ | ৩.১০ | ৩.১৭ | ৩.১৫ |
| গ) বনজ সম্পদ এবং সহায়ক সেবা | ৫.০৮ | ৫.১৩ | ৫.৩৪ | ৪.৯৮ | ৫.০৮ | ৫.১৩ | ৫.০৮ |
| ঘ) মৎস্য সম্পদ | ৪.৯৩ | ৪.৯৯ | ৪.৪ | ৪.১১ | ২.৬৪ | ২.৮০ | ২.৮১ |
| **খ. শিল্প** | **১০.২** | **১১.৬৩** | **৩.৬১** | **১০.২৯** | **৯.৮৬** | **৮.৩৭** | **৬.৬৬** |
| **২। খনিজ ও খনন** | ৯.৫৫ | ১১.৩১ | ৩.১৬ | ৬.৪৯ | -১.১২ | ১২.৭৩ | ৭.৮৯ |
| ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল | ০.০৪ | -০.৫৭ | -৪.৪৭ | ০.৩২ | -৪.৬৭ | -৪.১৮ | -২.৮৪ |
| খ) অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা | ১৩.৫৩ | ১৫.৬৯ | ৫.৫৮ | ৮.২৬ | -০.১৭ | ১৭.০২ | ১০.১২ |
| **৩। শিল্প (ম্যানুঃ)** | ১০.৪৫ | ১২.৩৩ | ১.৬৮ | ১১.৫৯ | ১১.৪১ | ৮.৮৯ | ৬.৫৮ |
| ক) বৃহৎ শিল্প | ১১.০৮ | ১২.৭৯ | ০.৪১ | ১০.৬১ | ১৫.৬৮ | ৮.৩৮ | ৬.৬০ |
| খ) ছোট, মাঝারি এবং ক্ষুদ্র শিল্প | ১১.১ | ১০.৬১ | ২.৬৯ | ১৩.৮৯ | ৪.৮৪ | ৯.১৫ | ৬.৮৪ |
| গ) কুটির শিল্প | ৭.৪৫ | ১৪.১৭ | ৩.৬৭ | ১০.২৭ | ১১.১২ | ১০.০১ | ৬.০৮ |
| **৪। বিদ্যুৎ, গ্যাস, বাষ্প এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা** | ৮.২৭ | ৮.২৪ | ০.৬৭ | ৯.৫৪ | ৬.১৫ | ২.৪৬ | -০.৩৩ |
| ক) বিদ্যুৎ | ১০.০৯ | ১০.২২ | ১.৮৭ | ১১.৬৫ | ৭.৭৫ | ৩.৪০ | -০.২১ |
| খ) গ্যাস | ২.৬ | ১.৬২ | -৩.৬৮ | ১.৪৫ | -০.৬১ | -১.৮৪ | -০.৯৩ |
| **৫। পানি সরবরাহ; পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং পুনর্ব্যবহার কার্যক্রম** | ২.৯৬ | ৬.৩১ | ২.১৮ | ৬.৬৫ | ৯.৫৪ | **৮.৪৪** | ১১.০৮ |
| **৬। নির্মাণ** | ১০.০৬ | ১০.৪৭ | ৯.১৩ | ৮.০৮ | ৮.৭১ | **৬.৯৮** | ৭.৪৫ |
| **গ. সেবা** | **৬.৫৫** | **৬.৮৮** | **৩.৯৩** | **৫.৭৩** | **৬.২৬** | **৫.৩৭** | **৫.৮০** |
| **৭। পাইকারি ও খুচড়া ব্যবসা; যানবাহন ও মোটরসাইকেল মেরামত** | ৮.৭৪ | ৮.৮৫ | ৩.২১ | ৭.৬৪ | ৮.৪৬ | ৬.৩৮ | ৬.১৯ |

| খাত/উপখাত | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
|---|---|---|---|---|---|---|---|
| **৮। পরিবহণ এবং সংরক্ষণ** | ৬.৭৪ | ৭.০১ | ১.৭৩ | ৪.০৪ | ৫.৭৫ | ৫.৪৯ | ৫.২৪ |
| ক) স্থল পথ পরিবহণ | ৭.০৮ | ৭.৪২ | ১.৭৪ | ৪.৬৮ | ৬.০৮ | ৬.১০ | ৫.৭১ |
| খ ) পানি পথ পরিবহণ | ১.৫৫ | ১.৪৫ | ০.৭৫ | ১.৮০ | ১.২২ | -২.১৬ | -০.২৭ |
| গ) আকাশ পথ পরিবহণ | ৯.৭৮ | ৭.০৮ | ১.২৯ | -২.০০ | ৩.৮৪ | ৮.২১ | ৯.৯৬ |
| ঘ) সংরক্ষণ এবং সহায়ক সেবা | ৯.১ | ৮.৭৬ | ৩.৪২ | -৪.৯৯ | ৭.৪৩ | ৩.৫৪ | ১.৩৩ |
| ঙ) ডাক ও কুরিয়ার যোগাযোগ | ৫.৪৪ | ৪.৪৮ | ২.০৭ | ৩.৩৪ | ১.৭৬ | ৩.৭৭ | ৫.১৬ |
| **৯। আবাসন এবং খাদ্য পরিবেশন কার্যক্রম** | ৫.৫২ | ৫.৬৪ | ১.৬৯ | ৪.৫৩ | ৫.৩৭ | ৫.৮৪ | ৫.৬৮ |
| **১০। তথ্য ও যোগাযোগ** | ৬.৭৭ | ৭.৩৬ | ৬.৫৭ | ৭.১১ | ৪.৭৯ | ৬.৩৫ | ৬.৪৯ |
| **১১। আর্থিক এবং বীমা কার্যক্রম** | ৬.৯৪ | ৮.২৫ | ৪.৭২ | ৫.৮২ | ৫.৮৭ | ২.৫৫ | ৪.৮৪ |
| ক) আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (ব্যাংক) | ৭.৪১ | ৮.৬২ | ৪.৯৪ | ৫.৯৬ | ৬.০৯ | ২.৫৫ | ৪.৫৫ |
| খ) বীমা | ৩.০৪ | ৪.৫৪ | ২.১৬ | ৩.২২ | ৩.১৪ | ১.০৮ | ৫.৩১ |
| গ) অন্যান্য আর্থিক সহায়ক কার্যক্রম | ৬.৪৬ | ৮.৫৯ | ৫.৩৮ | ৭.৪৮ | ৬.৪৮ | ৪.৩৯ | ৮.১৬ |
| **১২। রিয়েল এস্টেট কার্যক্রম** | ৩.৪৮ | ৩.৬১ | ৩.৬৮ | ৩.৪২ | ৩.৭০ | ৩.৬৮ | ৩.৭৯ |
| **১৩। পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত কার্যক্রম** | ৪.০৮ | ৪.১৭ | ৩.৩৮ | ৫.০৯ | ৪.২৫ | ৮.৮০ | ৬.৭২ |
| **১৪। প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম** | ৭.৭৪ | ৮.১৭ | ৬.৩৩ | ৬.০২ | ৬.০১ | ৭.৫১ | ৬.১৫ |
| **১৫। জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা** | ৮.৬৭ | ৬.৪৯ | ৫.৪৯ | ৬.০৫ | ৪.৯১ | ৭.০৩ | ৭.৫৬ |
| **১৬। শিক্ষা** | ৫.৮৯ | ৭.০৬ | ৫.৩৩ | ৫.৮১ | ৭.৮৭ | ৫.৫৩ | ৮.৩৩ |
| **১৭। মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম** | ৯.২ | ১২.২ | ১০.৭ | ১০.৬ | ৯.৮৮ | ৭.২২ | ১০.০৭ |
| **১৮। শিল্পকলা ও বিনোদন** | ৫.২৪ | ৫.৪৮ | ৫.৪৩ | ৫.৭৬ | ৬.০৭ | ৬.৩৪ | ৬.৫০ |
| **১৯। অন্যান্য সেবা কার্যক্রম** | ৩.২২ | ৩.২৭ | ৩.০৬ | ৩.০৮ | ৩.১৯ | ৩.২৪ | ৩.২২ |
| **ভিত্তি বাজার মূল্যে স্থূল মূল্য সংযোজন** | ৭.৩৪ | ৮.০১ | ৩.৭৬ | ৭.০০ | ৭.১৭ | ৬.২৫ | ৫.৮৩ |
| ভর্তুকি ব্যতিরেকে কর | ৬.৭৫ | ৪.৯৪ | -৩.৬৫ | ৫.৩৩ | ৫.৪৩ | -৬.২৬ | ৫.৩৮ |
| **ভিত্তি বাজার মূল্যে জিডিপি** | **৭.৩২** | **৭.৮৮** | **৩.৪৫** | **৬.৯৪** | **৭.১০** | **৫.৭৮** | **৫.৮২** |

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

**লেখচিত্র ২.১: স্থিরমূল্যে বৃহৎ খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধির হার (%)**




* সাময়িক

## কৃষি খাত

সাময়িক হিসাব অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে কৃষি খাতে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৩.২১ শতাংশ, যা পূর্ববর্তী ২০২২-২৩ অর্থবছরে ছিল ৩.৩৭ শতাংশ। এ সময়ে কৃষি খাতের চারটি উপখাতের মধ্যে শস্য ও শাকসবজি, প্রাণিসম্পদ এবং বনজ সম্পদ উপখাতের প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় হ্রাস পেয়েছে। তবে মৎস্য উপখাতে প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় কিঞ্চিৎ বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), কৃষি মন্ত্রণালয় এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর যৌথ সাময়িক হিসাব অনুযায়ী ২০২৩- ২৪ অর্থবছরের জন্য খাদ্যশস্য (ধান, গম এবং ভুট্টা) উৎপাদনের মোট লক্ষ্যমাত্রা ৫১৩.৪৫ লাখ মেট্রিক টন নির্ধারণ করা হয়েছিল, যার বিপরীতে প্রকৃত উৎপাদন হয়েছে ৫০১.১৭ লাখ মেট্রিক টন। চলতি অর্থবছরে ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছিল ৪৩৪.২২ লক্ষ মেট্রিক টন, যার মধ্যে ৩৯.৭৭ লক্ষ মেট্রিক টন আউশ, ১৭১.৭৯ লক্ষ মেট্রিক টন

আমন ও ২২২.৬৫ লক্ষ মেট্রিক টন বোরো। যার বিপরীতে প্রকৃত উৎপাদন হয়েছে আউশ ২৯.৭২ লাখ মেঃ টন, আমন ১৬৬.৫৬ লাখ মেঃ টন এবং বোরো ২২৪.৩২ লাখ মেঃ টন।

এছাড়া, গম ও ভুট্টার উৎপাদন লক্ষ্যমাত্রা ছিল যথাক্রমে ১২.২৯ লাখ মেট্রিক টন এবং ৬৬.৯৫ লাখ মেট্রিক টন, যার বিপরীতে প্রকৃত উৎপাদন হয়েছে যথাক্রমে ১১.৭২ লাখ মেট্রিক টন এবং ৬৮.৮৪ লাখ মেট্রিক টন।

মৎস্য অধিদপ্তরের হিসাবে ২০২৩-২৪ অর্থবছরে মোট মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ৫০.৮০ লক্ষ মেট্রিক টন (অভ্যন্তরীণ উৎস হতে ৪৩.৯৮ লক্ষ মেট্রিক টন ও সামুদ্রিক উৎস হতে ৬.৮২ লক্ষ মেট্রিক টন) নির্ধারণ করা হয়েছে, পূর্ববর্তী অর্থবছরে মোট উৎপাদনের পরিমাণ ছিল ৪৯.১৫ লক্ষ মেট্রিক টন (অভ্যন্তরীণ উৎস হতে ৪২.৩৬ লক্ষ মেট্রিক টন ও সামুদ্রিক উৎস হতে ৬.৭৯ লক্ষ মেট্রিক টন)।

**শিল্পখাত**

শিল্প খাতে প্রবৃদ্ধি ২০২১-২২ অর্থবছরের তুলনায় ২০২২-২৩ অর্থবছরে ১.৪৯ শতাংশ হ্রাস পেয়ে ৮.৩৭ শতাংশে দাঁড়ায় । সাময়িক হিসাবে ২০২৩-২৪ অর্থবছরে শিল্পখাতের প্রবৃদ্ধি দাঁড়াবে ৬.৬৬ শতাংশে।

শিল্প খাতের অন্তর্ভুক্ত খনিজ ও খনন খাতে ২০২২-২৩ অর্থবছরে প্রবৃদ্ধি ছিল ১২.৭৩ শতাংশ যা চলতি ২০২৩-২৪ অর্থবছরে হ্রাস পেয়ে ৭.৮৯ শতাংশ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে।

ম্যানুফ্যাকচারিং খাতের প্রবৃদ্ধি ২০২২-২৩ অর্থবছরে ছিল ৮.৮৯ শতাংশ যা সাময়িক হিসাব অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে ৬.৫৮ শতাংশ হিসাবে প্রাক্কলন করা হয়েছে।

তন্মধ্যে, বৃহৎ শিল্প খাতের প্রবৃদ্ধি ৬.৬০ শতাংশ, ছোট (micro), মাঝারি এবং ক্ষুদ্র শিল্প খাতে ৬.৮৪ শতাংশ এবং কুটির শিল্প খাতের প্রবৃদ্ধি ৬.০৮ শতাংশ।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রণীত 'Index of All Manufacturing Enterprise of Large, SMME & Cottage Scale, (ভিত্তিবছর ২০১৫-১৬) অনুসারে ২০২৩-২৪ অর্থবছরে (জুলাই- জুন, ২০২৪) গড়ে বৃহৎ শিল্প, SMME ও কুটির শিল্প উপখাতে উৎপাদন সূচক দাঁড়িয়েছে যথাক্রমে ২০১.৩৯, ২১৬.২৩ এবং ২০১.৭০ পয়েন্টে, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে ছিল যথাক্রমে ২০১.৬৫, ২০৬.৪৩ এবং ১৮৮.৪৭ পয়েন্ট।

**সেবা খাত**

২০০৫-০৬ ভিত্তি বছরের জিডিপিতে বৃহৎ সেবা (broad service) খাতের অন্তর্গত ৯টি খাত থেকে ২০১৫-১৬ অর্থবছরের জিডিপিতে খাতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩টি। চূড়ান্ত হিসাবে ২০২২-২৩ অর্থবছরে বৃহৎ সেবা খাতের প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের ৬.২৬ শতাংশের তুলনায় ০.৮৯ পার্সেন্টেজ পয়েন্ট হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৫.৩৭ শতাংশ। সাময়িক হিসাব অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে সেবা খাতের প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ৫.৮০ শতাংশ। এরমধ্যে মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম ১০.০৭ শতাংশ, শিক্ষা ৮.৩৩ শতাংশ, জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা খাতে ৭.৫৬ শতাংশ, পেশাদার, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত কার্যক্রম খাতের বৃদ্ধি ৬.৭২ শতাংশ, তথ্য ও যোগাযোগ ৬.৪৯ শতাংশ, প্রশাসনিক ও সহায়তা মূলক পরিষেবা কার্যক্রম খাতে ৬.১৫ শতাংশ, আবাসন ও খাদ্য পরিবেশন কার্যক্রম খাতে ৫.৬৮ শতাংশ, পাইকারি ও খুচরা ব্যবসা খাতের প্রবৃদ্ধি ৬.১৯ শতাংশ, পরিবহণ ও সংরক্ষণ খাতে প্রবৃদ্ধি ৫.২৪ শতাংশ উল্লেখযোগ্য।

**স্থির মূল্যে জিডিপিতে খাতসমূহের অবদান**

সাময়িক হিসাবে ২০২৩-২৪ অর্থবছরে স্থির মূল্যে জিডিপিতে কৃষি খাতের অবদান ১১.০২ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ১১.৩০ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরে স্থির মূল্যে বৃহৎ শিল্প খাতের মধ্যে ম্যানুফ্যাকচারিং খাত এবং নির্মাণ খাতের অবদান বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে যথাক্রমে ২৫.০৭ শতাংশ এবং ৯.৭৫ শতাংশ। সার্বিকভাবে ২০২৩-২৪ অর্থবছরে স্থির মূল্যের জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৩৭.৯৫ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৩৭.৬৫ শতাংশ। সাময়িক হিসাবে ২০২৩-২৪ অর্থবছরের জিডিপি'তে সেবা খাতের অবদান পূর্ববর্তী অর্থবছরের ৫১.০৫ শতাংশের তুলনায় সামান্য কমে ৫১.০৪ শতাংশে দাঁড়িয়েছে। এরমধ্যে সার্বিক সেবা খাতের অন্তর্ভুক্ত পাইকারি ও খুচরা ব্যবসা খাতের অবদান ছিল সর্বোচ্চ (১৫.৩২%) এবং রিয়েল এস্টেট খাতের অবদান দ্বিতীয় সর্বোচ্চ (৭.৭৭%)। এসময়ে পরিবহণ, সংরক্ষণ খাতের অবদান দাঁড়িয়েছে ৭.২৫ শতাংশে যার মধ্যে ৬.৪৭ শতাংশই হলো সড়ক পরিবহণ খাতের অবদান।

পরবর্তী অবস্থানসমূহে রয়েছে মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম (৩.৫৭%), জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা খাত (৩.৫৩%) এবং আর্থিক ও বীমা

কার্যক্রম (৩.০৫%) উল্লেখযোগ্য। সারণি ২.৪-এ ২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে ২০১৬-১৭ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত জিডিপিতে খাতওয়ারি অবদানের হার উপস্থাপন করা হয়েছে।

**সারণি ২.৪: ২০১৫-১৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার**

(শতাংশ)

| খাত/উপখাত | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
|---|---|---|---|---|---|---|---|---|
| **ক. কৃষি** | **১৩.৬২** | **১৩.১৪** | **১২.৫৬** | **১২.৫২** | **১২.০৭** | **১১.৬১** | **১১.৩০** | **১১.০২** |
| **১। কৃষি ,বনজ এবং মৎস্য সম্পদ** | ১৩.৬২ | ১৩.১৪ | ১২.৫৬ | ১২.৫২ | ১২.০৭ | ১১.৬১ | ১১.৩০ | ১১.০২ |
| ক) শস্য ও শাকসবজি | ৬.৬৮ | ৬.৩৯ | ৬.০৪ | ৫.৯৬ | ৫.৭ | ৫.৪৬ | ৫.৩০ | ৫.১৫ |
| খ) প্রাণি সম্পদ | ২.২৬ | ২.১৭ | ২.০৭ | ২.০৬ | ১.৯৮ | ১.৯১ | ১.৮৫ | ১.৮০ |
| গ) বনজ সম্পদ এবং সহায়ক সেবা | ১.৮৪ | ১.৮১ | ১.৭৬ | ১.৭৮ | ১.৭৫ | ১.৭২ | ১.৭০ | ১.৬৯ |
| ঘ) মৎস্য সম্পদ | ২.৮৪ | ২.৭৭ | ২.৭ | ২.৭১ | ২.৬৪ | ২.৫৩ | ২.৪৫ | ২.৩৮ |
| **খ. শিল্প** | **৩২.৯৮** | **৩৩.৮৫** | **৩৪.৯৯** | **৩৪.৯৪** | **৩৬.০১** | **৩৬.৯২** | **৩৭.৬৫** | **৩৭.৯৫** |
| **২। খনিজ ও খনন** | ১.৮৩ | ১.৮৭ | ১.৯৩ | ১.৯১ | ১.৯১ | ১.৭৬ | ১.৮৭ | ১.৯০ |
| ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তেল | ০.৫৪ | ০.৫০ | ০.৪৬ | ০.৪৩ | ০.৪০ | ০.৩৬ | ০.৩২ | ০.২৯ |
| খ) অন্যান্য খনিজ সম্পদ ও কয়লা | ১.২৯ | ১.৩৬ | ১.৪৬ | ১.৪৯ | ১.৫১ | ১.৪০ | ১.৫৪ | ১.৬১ |
| **৩। শিল্প (ম্যানুঃ)** | ২১.৩৬ | ২১.৯৮ | ২২.৮৬ | ২২.৪ | ২৩.৩৬ | ২৪.২৯ | ২৪.৮৯ | ২৫.০৭ |
| ক) বৃহৎ শিল্প | ১০.৯৩ | ১১.৩১ | ১১.৮১ | ১১.৪৩ | ১১.৮১ | ১২.৭৫ | ১৩.০১ | ১৩.১০ |
| খ) ছোট, মাঝারি এবং ক্ষুদ্র শিল্প | ৬.৭১ | ৬.৯৫ | ৭.১১ | ৭.০৪ | ৭.৪৯ | ৭.৩৩ | ৭.৫৩ | ৭.৬০ |
| গ) কুটির শিল্প | ৩.৭২ | ৩.৭৩ | ৩.৯৪ | ৩.৯৪ | ৪.০৬ | ৪.২১ | ৪.৩৫ | ৪.৩৬ |
| **৪। বিদ্যুৎ, গ্যাস, বাষ্প এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা** | ১.২৪ | ১.২৫ | ১.২৬ | ১.২২ | ১.২৫ | ১.২৩ | ১.১৯ | ১.১২ |
| ক) বিদ্যুৎ | ০.৯৪ | ০.৯৬ | ০.৯৮ | ০.৯৭ | ১.০১ | ১.০১ | ০.৯৯ | ০.৯৩ |
| খ) গ্যাস | ০.৩০ | ০.২৯ | ০.২৭ | ০.২৫ | ০.২৪ | ০.২২ | ০.২০ | ০.১৯ |
| **৫। পানি সরবরাহ; পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং পুনর্ব্যবহার কার্যক্রম** | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ | ০.১০ |
| **৬। নির্মাণ** | ৮.৪৪ | ৮.৬৫ | ৮.৮৫ | ৯.৩১ | ৯.৪ | ৯.৫৪ | ৯.৬০ | ৯.৭৫ |
| **গ. সেবা** | **৫৩.৪** | **৫৩.০১** | **৫২.৪৫** | **৫২.৫৪** | **৫১.৯২** | **৫১.৪৮** | **৫১.০৫** | **৫১.০৪** |
| **৭। পাইকারি ও খুচরা ব্যবসা; যানবাহন ও মোটরসাইকেল মেরামত** | ১৪.৭৫ | ১৪.৯৪ | ১৫.০৫ | ১৪.৯৭ | ১৫.০৬ | ১৫.২৪ | ১৫.২৬ | ১৫.৩২ |
| **৮। পরিবহণ এবং সংরক্ষণ** | ৭.৯২ | ৭.৮৮ | ৭.৮০ | ৭.৬৫ | ৭.৪৪ | ৭.৩৪ | ৭.২৯ | ৭.২৫ |
| ক) স্থল পথ পরিবহণ | ৬.৮৯ | ৬.৮৭ | ৬.৮৪ | ৬.৭ | ৬.৫৬ | ৬.৪৯ | ৬.৪৮ | ৬.৪৭ |
| খ ) পানি পথ পরিবহণ | ০.৬২ | ০.৫৮ | ০.৫৫ | ০.৫৩ | ০.৫১ | ০.৪৮ | ০.৪৪ | ০.৪২ |
| গ) আকাশ পথ পরিবহণ | ০.০৯ | ০.০৯ | ০.০৯ | ০.০৯ | ০.০৮ | ০.০৮ | ০.০৮ | ০.০৮ |
| **ঘ) সংরক্ষণ এবং সহায়ক সেবা** | ০.২৮ | ০.২৮ | ০.২৮ | ০.২৮ | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ০.২৪ |
| **ঙ) ডাক ও কুরিয়ার যোগাযোগ** | ০.০৫ | ০.০৫ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ |
| **৯। আবাসন এবং খাদ্য পরিবেশন কার্যক্রম** | ১.১৯ | ১.১৭ | ১.১৪ | ১.১২ | ১.০৯ | ১.০৮ | ১.০৭ | ১.০৭ |
| **১০। তথ্য ও যোগাযোগ** | ১.২৭ | ১.২৬ | ১.২৬ | ১.২৯ | ১.২৯ | ১.২৬ | ১.২৬ | ১.২৭ |
| **১১। আর্থিক এবং বীমা কার্যক্রম** | ৩.২৪ | ৩.২২ | ৩.২৩ | ৩.২৬ | ৩.২২ | ৩.১৯ | ৩.০৭ | ৩.০৫ |
| ক) আর্থিক মধ্যস্থতা কার্যক্রম (ব্যাংক) | ২.৭৩ | ২.৭৩ | ২.৭৫ | ২.৭৮ | ২.৭৫ | ২.৭৩ | ২.৬৩ | ২.৬০ |
| খ) বীমা | ০.৩১ | ০.২৯ | ০.২৮ | ০.২৮ | ০.২৭ | ০.২৬ | ০.২৫ | ০.২৫ |
| গ) অন্যান্য আর্থিক সহায়ক কার্যক্রম | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ |
| **১২। রিয়েল এস্টেট কার্যক্রম** | ৯.৩৯ | ৯.০৬ | ৮.৬৯ | ৮.৬৮ | ৮.৩৯ | ৮.১২ | ৭.৯২ | ৭.৭৭ |
| **১৩। পেশাদার, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত কার্যক্রম** | ০.১৯ | ০.১৯ | ০.১৮ | ০.১৮ | ০.১৮ | ০.১৭ | ০.১৭ | ০.১৮ |
| **১৪। প্রশাসনিক ও সহায়তামূলক পরিষেবা কার্যক্রম** | ০.৭২ | ০.৭২ | ০.৭২ | ০.৭৪ | ০.৭৩ | ০.৭২ | ০.৭৩ | ০.৭৩ |
| **১৫। জনপ্রশাসন ও প্রতিরক্ষা; বাধ্যতামূলক সামাজিক নিরাপত্তা** | ৩.৫১ | ৩.৫৫ | ৩.৫০ | ৩.৫৬ | ৩.৫২ | ৩.৪৫ | ৩.৪৮ | ৩.৫৩ |
| **১৬। শিক্ষা** | ২.৭৩ | ২.৬৯ | ২.৬৭ | ২.৭১ | ২.৬৮ | ২.৬৯ | ২.৬৮ | ২.৭৪ |
| **১৭। মানব স্বাস্থ্য ও সামাজিক সেবা কার্যক্রম** | ২.৮৪ | ২.৮৯ | ৩.০১ | ৩.২১ | ৩.৩২ | ৩.৪০ | ৩.৪৩ | ৩.৫৭ |
| **১৮। শিল্পকলা ও বিনোদন** | ০.১৫ | ০.১৫ | ০.১৪ | ০.১৫ | ০.১৪ | ০.১৪ | ০.১৪ | ০.১৪ |
| **১৯। অন্যান্য সেবা কার্যক্রম** | ৫.৫১ | ৫.৩০ | ৫.০৭ | ৫.০৩ | ৪.৮৫ | ৪.৬৭ | ৪.৫৪ | ৪.৪৩ |
| **ভিত্তি মূল্যে মোট মূল্য সংযোজন** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** | **১০০.০০** |

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক।

জিডিপিতে সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন সারণি ২.৫ ও লেখচিত্র ২.২ -এ দেখানো হলো। সারণি থেকে দেখা যাচ্ছে যে, জিডিপিতে কৃষি থেকে শিল্প খাতের অবদানের কাঠামোগত পরিবর্তনের ধারা ২০২৩-২৪ অর্থবছরেও অব্যাহত আছে। কৃষি খাতের তুলনায় শিল্পখাত বিশেষত ম্যানুফ্যাকচারিং শিল্প খাতে উৎপাদনশীলতা বেশি হওয়ায় জিডিপিতে এ খাতের অবদান বৃদ্ধি পেয়েছে।


**সারণি ২.৫ঃ স্থির মূল্যে দেশজ উৎপাদ, সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন ও প্রবৃদ্ধির ধারা**

| অবদান (শতকরা হার) | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **খাত** | **১৯৮৫-৮৬** | **১৯৯০-৯১** | **১৯৯৫-৯৬** | **২০০০-০১** | **২০০৫-০৬** | **২০১০-১১** | **২০১৪-১৫** | **২০১৬-১৭** | **২০১৮-১৯** | **২০১৯-২০** | **২০২০-২১** | **২০২১-২২** | **২০২২-২৩** | **২০২৩-২৪*** |
| কৃষি | ৩১.১৫ | ২৯.২৩ | ২৫.৬৮ | ২৫.০৩ | ১৯.০১ | ১৮.০১ | ১৬.০০ | ১৩.৬২ | ১২.৫৬ | ১২.৫২ | ১২.০৭ | ১১.৬১ | ১১.৩ | ১১.০২ |
| শিল্প | ১৯.১৩ | ২১.০৪ | ২৪.৮৭ | ২৬.২ | ২৫.৪ | ২৭.৩৮ | ৩০.৪২ | ৩২.৯৮ | ৩৪.৯৯ | ৩৪.৯৪ | ৩৬.০১ | ৩৬.৯২ | ৩৭.৬৫ | ৩৭.৯৫ |
| সেবা | ৪৯.৭৩ | ৪৯.৭৩ | ৪৯.৪৫ | ৪৮.৭৭ | ৫৫.৫৯ | ৫৪.৬১ | ৫৩.৫৮ | ৫৩.৪ | ৫২.৪৫ | ৫২.৫৪ | ৫১.৯২ | ৫১.৪৮ | ৫১.০৫ | ৫১.০৪ |
| মোট | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| **প্রবৃদ্ধি (শতকরা হার)** | | | | | | | | | | | | | | |
| কৃষি | ৩.৩১ | ২.২৩ | ৩.১০ | ৩.১৪ | ৫.৫০ | ৪.৪৬ | ৩.৩৩ | ৩.২০ | ৩.২৬ | ৩.৪২ | ৩.১৭ | ৩.০৫ | ৩.৩৭ | ৩.২১ |
| শিল্প | ৬.৭২ | ৪.৫৭ | ৬.৯৮ | ৭.৪৫ | ৯.৮০ | ৯.০২ | ৯.৬৭ | ৮.২৭ | ১১.৬৩ | ৩.৬১ | ১০.২৯ | ৯.৮৬ | ৮.৩৭ | ৬.৬৬ |
| সেবা | ৪.১০ | ৩.২৮ | ৩.৯৬ | ৫.৫৩ | ৬.৬০ | ৬.২২ | ৫.৮০ | ৬.৩৭ | ৬.৮৮ | ৩.৯৩ | ৫.৭৩ | ৬.২৬ | ৫.৩৭ | ৫.৮০ |
| জিডিপি (উৎপাদন মূল্যে) | ৩.৩৪ | ৩.২৪ | ৪.৪৭ | ৫.৪১ | ৭.১৮ | ৬.৬৪ | ৬.৫৪ | ৬.৫৪ | ৮.০১ | ৩.৭৬ | ৭.০০ | ৭.১৭ | ৬.২৫ | ৫.৮৩ |

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ।* সাময়িক

নোট: ২০০০-০১ অর্থবছর পর্যন্ত উপাত্তসমূহের ভিত্তিবছর: ১৯৯৫-৯৬, ২০০৫-০৬ থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত উপাত্তসমূহের ভিত্তিবছর: ২০০৫-০৬ এবং ২০১৬-১৭ অর্থবছর থেকে উপাত্তসমূহের ভিত্তিবছর: ২০১৫-১৬।

**লেখচিত্র ২.২: স্থিরমূল্যে জিডিপিতে বৃহৎ খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তনের ধারা**




* সাময়িক

লেখচিত্র ২.২ থেকে দেখা যাচ্ছে যে, ২০০৫-০৬ অর্থবছরের পূর্বে সেবা খাতের অবদান ছিল জিডিপি'র প্রায় ৫০ শতাংশ। ২০০৫-০৬ অর্থবছরে এ হার ৫৫.৫৯ শতাংশে উন্নীত হয়। তবে সাম্প্রতিক বছরসমূহে সেবা খাতের অবদান ৫১-৫৩ শতাংশের মধ্যে রয়েছে।

**ব্যয়ভিত্তিক জিডিপি**

সাময়িক হিসাবে ২০২৩-২৪ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ জিডিপি'র শতকরা হারে পূর্ববর্তী অর্থবছরের ৭৪.২৮ শতাংশ হতে হ্রাস পেয়ে ৭২.৩৯ শতাংশে দাঁড়িয়েছে। এর মধ্যে সরকারি ৫.৬১ শতাংশ এবং বেসরকারি ৬৬.৭৮ শতাংশ। অন্যদিকে, ২০২৩-২৪ অর্থবছরে দেশজ সঞ্চয়ের হার বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে জিডিপি'র ২৭.৬১ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল জিডিপি’র ২৫.৭৬ শতাংশ। জাতীয় সঞ্চয়ের হার পূর্ববর্তী অর্থবছরের ২৯.৯৫ শতাংশ হতে বৃদ্ধি পেয়ে ২০২৩-২৪ অর্থবছরে ৩১.৮৬ শতাংশে দাঁড়িয়েছে।

সারণি ২.৬-এ ব্যয়ভিত্তিতে নিরূপিত জিডিপি ও সারণি ২.৭-এ জিডিপি’র শতকরা হারে ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ পরিস্থিতি এবং লেখচিত্র ২.৩ এ জিডিপি’র শতকরা হারে বিনিয়োগ, দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় গতিধারা তুলে ধরা হয়েছে।

**সারণি ২.৬ ঃ চলতি বাজারমূল্যে ব্যয়ভিত্তিক জিডিপি**

(কোটি টাকায়)

| খাত | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. অভ্যন্তরীণ চাহিদা [(২)+(৩)] | **২৪১৪৫১৬** | **২৭৮১০১৩** | **৩১০৮৭২১** | **৩৩০৪৫৯১** | **৩৭৩০৫৯১** | **৪২৪২৭০২** | **৪৭২৩৯৯২** | **৫২১৮১০৫** |
| ২. ভোগ | **১৬৯৫২১৬** | **১৯৪১১৩৬** | **২১৫৭৯৫৫** | **২৩১১৯৮২** | **২৬৩৫৫৭২** | **২৯৬৯৮৭৫** | **৩৩৩৪০২৩** | **৩৬৫৪৩৪৬** |
| বেসরকারি | ১৫৫৫২৩৯ | ১৭৮৩৮৫৯ | ১৯৭৩৮৪০ | ২১২২৬৬৭ | ২৪২৭৯০০ | ২৭৪৩৫২৭ | ৩০৭৯৬০৯ | ৩৩৭০৯৭২ |
| সরকারি | ১৩৯৯৭৮ | ১৫৭২৭৭ | ১৮৪১১৬ | ১৮৯৩১৫ | ২০৭৬৭২ | ২২৬৩৪৮ | ২৫৪৪১৪ | ২৮৩৩৭৪ |
| ৩. বিনিয়োগ | **৭১৯৩০০** | **৮৩৯৮৭৭** | **৯৫০৭৬৫** | **৯৯২৬০৯** | **১০৯৫০১৯** | **১২৭২৮২৭** | **১৩৮৯৯৬৯** | **১৫৬৩৭৫৯** |
| বেসরকারি | ৫৪৯৯৪২ | ৬৫৮৩৩৪ | ৭৪৫২২৮ | ৭৬১৪০৭ | ৮৩৬৬৮২ | ৯৭৩৬৭১ | ১০৮৬০৮০ | ১১৮৬৫৫৬ |
| সরকারি | ১৬৯৩৫৮ | ১৮১৫৪২ | ২০৫৫৩৮ | ২৩১২০২ | ২৫৮৩৩৭ | ২৯৯১৫৬ | ৩০৩৮৮৯ | ৩৭৭২০৪ |
| ৪. নীট রপ্তানি | -১০১৩৪৫ | -১৮৯১০৪ | -১৫৯০৩৯ | -১৭০৭৫৭ | -২২৫৮৭৭ | -৩১৮৩৫৪ | -২০৯৬৬১ | -১৩২২৩৩ |
| ৫. স্থূল দেশজ ব্যয় | **২৩১৩১৭১** | **২৫৯১৯০৯** | **২৯৪৯৬৮২** | **৩১৩৩৮৩৪** | **৩৫০৪৭১৪** | **৩৯২৪৩৪৮** | **৪৫১৪৩৩১** | **৫০৮৫৮৭২** |
| ৬. মোট দেশজ উৎপাদ | ২৩২৪৩০৭ | ২৬৩৯২৪৮ | ২৯৫১৪২৯ | ৩১৭০৪৬৯ | ৩৫৩০১৮৫ | ৩৯৭১৭১৬ | ৪৪৯০৮৪২ | ৫০৪৮০২৭ |
| ৭.পরিসংখ্যানিক ভ্রান্তি | ১১১৩৬ | ৪৭৩৩৯ | ১৭৪৭ | ৩৬৬৩৬ | ২৫৪৭১ | ৪৭৩৬৮ | -২৩৪৮৯ | -৩৭৮৪৫ |

উৎস:বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। * সাময়িক।


২০২৩-২৪ অর্থবছরে বিনিয়োগ পূর্ববর্তী অর্থবছরের তুলনায় জিডিপি'র ৩০.৯৫ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে জিডিপি'র ৩০.৯৮ শতাংশে। এর মধ্যে সরকারি ও বেসরকারি বিনিয়োগ যথাক্রমে জিডিপির ৭.৪৭ শতাংশ ও ২৩.৫১ শতাংশ।

**সারণি ২.৭ঃ ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র শতকরা হারে)**

| খাত | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|
| **১. ভোগ** | **৭৩.৫৫** | **৭৩.১২** | **৭২.৯২** | **৭৪.৬৬** | **৭৪.৭৮** | **৭৪.২৪** | **৭২.৩৯** |
| বেসরকারি | ৬৭.৫৯ | ৬৬.৮৮ | ৬৬.৯৫ | ৬৮.৭৮ | ৬৯.০৮ | ৬৮.৫৮ | ৬৬.৭৮ |
| সরকারি | ৫.৯৬ | ৬.২৪ | ৫.৯৭ | ৫.৮৮ | ৫.৭০ | ৫.৬৭ | ৫.৬১ |
| **২. বিনিয়োগ** | **৩১.৮২** | **৩২.২১** | **৩১.৩১** | **৩১.০২** | **৩২.০৫** | **৩০.৯৫** | **৩০.৯৮** |
| বেসরকারি | ২৪.৯৪ | ২৫.২৫ | ২৪.০২ | ২৩.৭০ | ২৪.৫২ | ২৪.১৮ | ২৩.৫১ |
| সরকারি | ৬.৮৮ | ৬.৯৬ | ৭.২৯ | ৭.৩২ | ৭.৫৩ | ৬.৭৭ | ৭.৪৭ |
| **৩. দেশজ সঞ্চয়** | **২৬.৪৫** | **২৬.৮৮** | **২৭.০৮** | **২৫.৩৪** | **২৫.২২** | **২৫.৭৬** | **২৭.৬১** |
| **৪. জাতীয় সঞ্চয়** | **৩০.৬১** | **৩১.১৪** | **৩১.৪২** | **৩০.৭৯** | **২৯.৩৫** | **২৯.৯৫** | **৩১.৮৬** |

উৎস:বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো । * সাময়িক।

**লেখচিত্র ২.৩: জিডিপি'র শতকরা হারে বিনিয়োগ, দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় গতিধারা**




* সাময়িক